

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৪৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৫: দুনিয়াদারি ত্যাগ করার মাহাত্ম্য, দুনিয়া কামানো কম করার প্রতি উৎসাহ প্রদান এবং দারিদ্রের ফযীলত

(55) – باب فضل الزهد في الدنيا و الحث على التقلل منها و فضل الفقر

আরবী

وَعَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يُؤْتَى بِأَنْعَمِ أَهْلِ الدُّنْيَا مِنْ أَهْلِ النَّارِ يَوْمَ الْقِيَامَةِ، فَيُصْبَغُ فِي النَّارِ صَبْغَةً، ثُمَّ يُقَالُ: يَا ابْنَ آدَمَ، هَلْ رَأَيْتَ خَيْرًا قَطُّ؟ هَلْ مَرَّ بِكَ نَعِيمٌ قَطُّ؟ فَيَقُولُ: لَا وَاللَّهِ يَا رَبِّ، وَيُؤْتَى بِأَشَدِّ النَّاسِ بُؤْسًا فِي الدُّنْيَا مِنْ أَهْلِ الْجَنَّةِ، فَيُصْبَغُ صَبْغَةً فِي الْجَنَّةِ، فَيُقَالُ لَهُ: يَا ابْنَ آدَمَ، هَلْ رَأَيْتَ بُؤْسًا قَطُّ؟ هَلْ مَرَّ بِكَ شِدَّةٌ قَطُّ؟ فَيَقُولُ: لَا وَاللَّهِ، مَا مَرَّ بِي بُؤْسٌ قَطُّ، وَلَا رَأَيْتُ شِدَّةً قَطُّ».

رواه مسلم

বাংলা

৬/৪৬৬। আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কিয়ামতের দিন জাহান্নামীদের মধ্য হতে এমন এক ব্যক্তিকে নিয়ে আসা হবে, যে দুনিয়ার সবচেয়ে সুখী ও বিলাসী ছিল। অতঃপর তাকে জাহান্নামে একবার (মাত্র) চুবানো হবে, তারপর তাকে বলা হবে, 'হে আদম সন্তান! তুমি কি কখনো ভাল জিনিস দেখেছ? তোমার নিকটে কি কখনো সুখ-সামগ্রী এসেছে?' সে বলবে, 'না। আল্লাহর কসম! হে প্রভু!'। আর জান্নাতীদের মধ্য হতে এমন এক ব্যক্তিকে নিয়ে আসা হবে, যে দুনিয়ার সবচেয়ে দুখী ও অভাবী ছিল। তাকে জান্নাতে (মাত্র একবার) চুবানোর পর বলা হবে, 'হে আদম সন্তান! তুমি কি (দুনিয়াতে) কখনো কষ্ট দেখেছ? তোমার উপরে কি কখনো বিপদ গেছে?' সে বলবে, 'না। আল্লাহর কসম! আমার উপর কোনদিন কষ্ট আসেনি এবং আমি কখনো কোন বিপদও দেখিনি।' (মুসলিম) [1]

English

(55) Chapter: Excellence of Leading an Ascetic Life, and Virtues of Simple Life

Anas bin Malik (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "Among the inmates of Hell, a person who had led the most luxurious life in this world will be brought up on the Day of Resurrection and dipped in the Fire and will be asked: 'O son of Adam! Did you ever experience any comfort? Did you happen to get any luxury?' He will reply: 'By Allah, no, my Rubb.' And then one of the people of Jannah who had experienced extreme misery in the life of this world will be dipped in Jannah. Then he will be asked: 'O son of Adam! Did you ever experience any misery? Did you ever encounter difficulty?' He will say: "By Allah, no my Rubb, I neither experienced misery nor passed through hardship".

[Muslim].

Commentary: This Hadith also induces one to work for the life of the Hereafter, as the amenities of this world which one strives hard to attain, and for which one violates the injunctions of Shari`ah, will be forgotten with a glimpse of the Hell-fire. Therefore, the sensible course is that one should adopt a way of life which is full of true faith and good deeds so that one becomes eligible for the eternal blessings and joys of the life of the Hereafter.

ফুটনোট

[1] মুসলিম ২৮০৭, আহমাদ ১২৬৯৯, ১৩২৪৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23431>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন